

রেজিস্টার্ড নং ডি এ-১



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৭, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/১৩ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর ১০৬-আইন/২০২৬।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, বিগত ১৯ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ মোতাবেক ০৩ জুলাই, ২০১৮ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ২২০-আইন/২০১৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২৩। Electrical accessories—Circuit-breakers for overcurrent protection for household and similar installation—Part 1: Circuit-breakers for a.c. operation BDS IEC 60898-1:2025”।

২। এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান মাহমুদ
সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৯০৩)

মূল্য : টাকা ৪.০০